

অ্যাসবেস্টসের ঝুঁকি সংক্রান্ত জরুরি পরিস্থিতি মোকাবেলার আইন ব্যবস্থাপনা পরিকল্পনা (অ্যাসবেস্টস হাজার্ড ইমার্জেন্সি রেসপন্স অ্যাক্ট ম্যানেজমেন্ট প্ল্যান): বার্ষিক বিজ্ঞপ্তি

1987 সালে প্রণীত, U.S. এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি (US EPA) অ্যাসবেস্টস হাজার্ড ইমার্জেন্সি রেসপন্স অ্যাক্ট (AHERA), 40 CFR পার্ট 763, সাবপার্ট E -এর অনুবর্তীতায়, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন সময়ে সময়ে আমাদের ফ্যাসিলিটিগুলোতে অ্যাসবেস্টস-যুক্ত ভবনের উপকরণে (অ্যাসবেস্টস-কন্টেইনিং বিল্ডিং ম্যাটেরিয়াল, ACBM) বিভিন্ন পরিদর্শন পরিচালনা করে।

পরিদর্শনের পদ্ধতি

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অভ লেবার এবং U.S. এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি কর্তৃক সনদপ্রাপ্ত স্বীকৃত অ্যাসবেস্টস ইন্সপেক্টরগণ (পরিদর্শক) পরিদর্শন করেছেন। একজন স্বীকৃত ব্যবস্থাপনা পরিকল্পনাকারী (ম্যানেজমেন্ট প্ল্যানার), যিনিও উভয় এজেন্সি দ্বারা প্রত্যায়িত, পরিদর্শনের ফলাফলগুলো পর্যালোচনা করেছেন, এবং প্রয়োজন অনুযায়ী বিল্ডিংয়ের যেখানে অ্যাসবেস্টস-যুক্ত উপকরণগুলো নিরাপদভাবে ব্যবস্থাপনা করতে বিভিন্ন পদক্ষেপ সুপারিশ করেন।

ফলাফল

AHERA ব্যবস্থাপনা পরিকল্পনায় পরিদর্শনের ফলাফল রয়েছে, যা কোনো খরচ বা বিধিনিষেধ ছাড়াই পিতামাতা, শিক্ষক এবং অন্যান্য স্কুল কর্মী, এবং তাদের প্রতিনিধিবৃন্দ সহ জনগণের পর্যালোচনার জন্য অ্যাডমিনিস্ট্রেটিভ (প্রশাসনিক) অফিসে লভ্য আছে। এই বিজ্ঞপ্তির কপি প্রিন্সিপাল, প্যারেন্ট অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট, UFT চেয়ারপার্সন এবং স্কুলের কাস্টোডিয়ানদের কাছে পাঠানো হয়েছে।

যোগাযোগের তথ্য

NYCDOE-এর পক্ষ থেকে স্থানীয় শিক্ষা এজেন্সির (লোকাল এডুকেশন এজেন্সি, LEA) মনোনীত ব্যক্তি হলেন অফিস অভ এনভায়রনমেন্টাল হেলথ অ্যান্ড সেফটি-এর (EHS) ডেপুটি ডিরেক্টর সারিতা থুমা (Saritha Thumma)। এই বিজ্ঞপ্তি অথবা যেসব বিল্ডিংয়ে অ্যাসবেস্টস-যুক্ত উপকরণ সম্পর্কে যেকোনো প্রশ্নের জন্য অনুগ্রহ করে EHS-এর সাথে যোগাযোগ করুন:

- টেলিফোন: (718) 610-3111
- ইমেইল: EHSrequest@schools.nyc.gov

এই বিজ্ঞপ্তির কপি প্রিন্ট করে অ্যাডমিনিস্ট্রেটিভ (প্রশাসনিক) অফিস, কাস্টোডিয়াল অফিস, এবং ফ্যাকাল্টি কমন রুমগুলোতে (শিক্ষকমণ্ডলীর ব্যবহার্য সাধারণ কক্ষ) সহজে দেখা যায় এমন কোনো স্থানে প্রদর্শন করা উচিত।